


আইসিবিএম সম্মেলন ব্যবসা গবেষণায় অবদান রাখবে

বিশেষ সংবাদদাতা

প্রকাশিত: ০৫:০২ এএম, ২৮ এপ্রিল ২০১৯



ফাইল ছবি

সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ বলেছেন, ব্র্যাক বিশ্ববিদ্যালয় বিজনেস স্কুল আয়োজিত ব্যবসা ও ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন (আইসিবিএম-২০১৯) ব্যবসা সংক্রান্ত শিক্ষা ও গবেষণায় ব্যাপক অবদান রাখবে।

তিনি বলেন, ব্যবসা ও ব্যবস্থাপনাবিষয়ক দ্বিতীয় আন্তর্জাতিক এই সম্মেলন ব্যবসা ব্যবস্থাপনাবিষয়ক ছাত্র-ছাত্রীদের জন্য একটি বিশেষ প্লাটফর্ম হিসেবে কাজ করবে, যা ইন্ডাস্ট্রি ও একাডেমিয়াদের মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করবে। এ ধরনের আয়োজন বাংলাদেশে এটিই প্রথম এবং এটি বাংলাদেশে আয়োজিত এ জাতীয় অন্যান্য সম্মেলনের জন্য মাইলফলক হিসেবে বিবেচিত হবে।’

শনিবার রাতে রাজধানীর হোটেল ওয়েস্টনে ব্র্যাক বিশ্ববিদ্যালয় বিজনেস স্কুল আয়োজিত ‘ব্যবসা ও ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন-২০১৯ এর পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, সম্মেলনে দুইশ স্থানীয় ও আন্তর্জাতিক অংশগ্রহণকারী গবেষকদের সমন্বয়ে ১৬০টিরও বেশি গবেষণাপত্র উপস্থাপিত হয়েছে, যা এ সম্মেলনের সফলতা নির্দেশ করছে। সম্মেলনের অন্য আকর্ষণীয় দিকসমূহ হল- একাডেমিয়া-ইন্ডাস্ট্রি ডিসকাশন, ইন্ডাস্ট্রি টক ও ইনভাইটেড টক।

প্রতিমন্ত্রী বলেন, এ সম্মেলন উপস্থিত বিজ্ঞ স্কলার ও গবেষকদের পেশাগত উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। সম্মেলনটি শিল্প খাতের লোকজনকে আরও সৃজনশীল চিন্তাভাবনা ও গবেষণায় মনোনিবেশ ঘটাতে সহায়তা করবে।

প্রোগ্রাম চেয়ারপারসন সহযোগী অধ্যাপক ড. মো. মামুন হাবিবের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ভিনসেন্ট চ্যাং, উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তামিম।

এছাড়া আরও উপস্থিত ছিলেন এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস-উদ-দৌলা, সেশন চেয়ারপারসন ও ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মাহবুব রহমান, অধ্যাপক ডা. হুই মিং উই ও অধ্যাপক ডা. টিজং রু লি।

গত ২৫ এপ্রিল হতে শুরু হওয়া তিনদিনব্যাপী ব্যবসা ও ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলন ২০১৯ পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে আজ শেষ হয়েছে।